18 MAR 1990
... ৫ ... ৩ ...

# শিক্ষাক্ষেত্রে এরশাদের পদক্ষেপ দেশ–বিদেশে প্রশংসিত হয়েছে

## —শিক্ষামন্ত্রী

ফরিদপুর, ১৭ই মার্চ (তথ্য বিবরণী)।– শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, শিক্ষা ক্ষেত্রে সাম্প্রতিককালে রাষ্ট্রপতি এরশাদ যেসব সংস্কারমূলক ও বৈপ্লবিক পদক্ষেপ গ্রহণ করেছেন, তা দেশে–বিদেশে প্রশংসিত হয়েছে। এ প্রসঙ্গে তিনি প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলককরণ ও গ্রামীণ ছাত্রীদের অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক ঘোষণা করার কথা উল্লেখ করেন এবং বলেন, এ দেশের আর্থ–সামাজিক পরিবর্তন সাধনে এসব পদক্ষেপ সুদূরপ্রসারী ও অত্যন্ত ফলপ্রসূ অবদান রাখবে।

মন্ত্রী গতকাল বোয়ালখালী ও আলফাডাংগায় আয়োজিত দু'টি পৃথক শিক্ষক সমাবেশে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। শিক্ষক কল্যাণ ট্রাস্ট গঠনের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, এই পদক্ষেপ শিক্ষকদের আর্থিক নিরাপত্তা বিধানে ও ভবিষ্যৎ অনিশ্চয়তা দূরীকরণে সহায়ক হবে।

মাদ্রাসা শিক্ষার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, রাষ্ট্রপতি এরশাদের নির্দেশে এবতেদায়ী মাদ্রাসার উপর জরীপ চলছে এবং এ জরীপ শেষ হলে এগুলোকে প্রাথমিক শিক্ষা সম্প্রসারণে কাজে সম্পৃক্ত করা হবে। ফরিদপুর জেলা পরিষদ চেয়ারম্যান শাহ মোহাম্মদ আবু জাফর এমপি অন্যান্যের মধ্যে ভাষণ দেন। এছাড়া মন্ত্রী আলফাডাংগা ও বোয়ালমারীতে পৃথক দু'টি জনসমাবেশেও ভাষণ দেন।